রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৩০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুলাই ২৭, ২০১৭**

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৪৯—৫৫৮ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১৪১—১১৬৫ | **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৯১—১৯৪ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ৫১—৫৮ | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৪৯—৮৮২ | (৬) ............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিবিধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ: ১৩ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**নং আর-৬/৭এন-১৭/২০১৭-৩৩৬**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব জিল্লুর রহমান, পিতা-মোঃ আব্দুল মুমিন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্ব উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-২২/২০১৭-৩৩৭**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে জয়পুরহাট জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ গোলাম ছারোয়ার (বকুল), পিতা-মরহুম রকিব উদ্দিন মন্ডল-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্ব উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-২৩/২০১৭-৩৩৮**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব দেওয়ান মেসবাহ্ আহ্মেদ, পিতা-দেওয়ান আব্দুল আজিজ আহ্মেদ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্ব উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেগদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ১৪ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**নং বিচার-৭/২এন-৯৭/২০১৪-৫২৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব শ্রীমতি অরুনা চক্রবর্তী, স্বামী-মৃত স্বপন কুমার চক্রবর্তী, মাতা-দুলাল স্যানাল, কালি বাড়ি রোড, পলবী লেন ০২ নং ওয়ার্ড, ডাকঘর-নীলফামারী, উপজেলা-সদর, জেলা-নীলফামারী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার সদর উপজেলার পৌরসভাসহ ০৩ নং খোকসাবাড়ী, ০৬ নং রামনগর, ০৭ নং কুচকাটা, ০৯ নং ইটাবোলা, ১০ নং কুন্দুপুকুর ও ১২ নং সংগলশী ইউনিয়নের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগ লাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বালিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি এম নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**যুব-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/০৬ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**নং যুক্রীম/যুব-১/পি-২৬/৯৩-২২০**—যেহেতু, জনাব মোঃ আব্দুস সালাম শিকদার, সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় একই বিধিমালার ৪ (২) (বি) বিধি মোতাবেক যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২৪-০৪-২০১৬ খ্রিঃ তারিখে যুক্রীম/যুব-১/পি-২৬/৯৩-১৭৩ নং আদেশমূলে ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি তিন বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ড প্রদান করা হয়;

যেহেতু, উক্ত আদেশের বিরুদ্ধে জনাব মোঃ আব্দুস সালাম শিকদার কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর লঘুদণ্ড মওকুফের জন্যে আপিল করা হলে মাননীয় প্রধানমন্ত্রী সদয় হয়ে জনাব মোঃ আব্দুস সালাম শিকদার-এর উপর আরোপিত দণ্ড তথা '০১ (এক) টি বার্ষিক বেতনবৃদ্ধি ০৩ (তিন) বছরের জন্যে স্থগিতকরণ দণ্ড' হ্রাস করে ০১ (এক) বছরের জন্যে স্থগিত থাকবে মর্মে আদেশ প্রদান করেন;

সেহেতু, জনাব মোঃ আব্দুস সালাম শিকদার-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি ৩ (বি) মোতাবেক এ মন্ত্রণালয়ের ২৪-০৪-২০১৬ খ্রিঃ তারিখে যুক্রীম/যুব-১/পি-২৬/৯৩-১৭৩ নং আদেশমূলে ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি তিন বছরের জন্য স্থগিতকরণ দণ্ড আরোপ করে জারীকৃত আদেশটি বাতিলপূর্বক এ সংক্রান্ত আপিলে মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত মোতাবেক ০১ (এক) টি বার্ষিক বেতনবৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিতকরণ দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আসাদুল ইসলাম**
ভারপ্রাপ্ত সচিব।

---

**ক্রীড়া-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৪/১৩ জুন ২০১৭

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৪৩২**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জনাব হেদায়েতুল্লাহ আল মামুন, এনডিসি, সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে বাংলাদেশ টেবিল টেনিস ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৪৩৩**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জনাব মোঃ আব্দুল করিম (সাবেক মুখ্য সচিব)-কে বাংলাদেশ বধির ক্রীড়া ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিরাজুছ ছালেকীন**
সহকারী সচিব।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তি

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/০২ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১৩.১৫-১৩৮**—১৮৭৫ সনের জরিপ আইনের (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ১ নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের দিয়ারা জরিপ কাজ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন দেয়া হলো :

| ক্রঃ নং | জেলার নাম | উপজেলার নাম | প্রস্তাবিত মৌজার নাম | প্রস্তাবিত জে এল নং |
|---|---|---|---|---|
| ১ | কক্সবাজার | মহেশখালী | দক্ষিণ ধলঘাটা | ৩২ |
| ২ | কক্সবাজার | মহেশখালী | সমুদ্র বিজয় | ৩৩ |
| ৩ | কক্সবাজার | মহেশখালী | বিজয় একাত্তর | ৩৪ |
| ৪ | কক্সবাজার | মহেশখালী | দক্ষিণ কুতুবজোম | ৩৫ |
| ৫ | কক্সবাজার | মহেশখালী | সমুদ্র বিলাস | ৩৬ |
| ৬ | কক্সবাজার | মহেশখালী | পানদ্বীপ | ৩৮ |
| ৭ | কক্সবাজার | মহেশখালী | চরমোহনা | ৩৯ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্মসচিব।

---

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
## তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ০৮ আষাঢ় ১৪২৪/২২ জুন ২০১৭

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৩.১৬-১৯৭**—যেহেতু, জনাব রাকিব আহমেদ (৬০২২৭৭), সহকারী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা গত ২৪-০৮-২০১৫ তারিখে পারিবারিক কারণ উল্লেখ করে গত ২৫-০৮-২০১৫ হতে ২৪-০৯-২০১৫ তারিখ পর্যন্ত ০১ মাসের ছুটির আবেদন তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, ঢাকা এর বরাবর দাখিল করেন। উক্ত ছুটির আবেদনটি যৌক্তিক ও বিবেচনাযোগ্য না হওয়ায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উহা মঞ্জুর করা হয়নি;

যেহেতু, প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক ০৮-১২-২০১৫ তারিখের ৭পি-১১/২০১৩/১৮৮৮(৪)-ই সংখ্যক স্মারকে এ বিভাগকে অবহিত করা হয় যে তিনি বিগত ২৫-০৮-২০১৫ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির কারণে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গত ০৩-০১-২০১৬ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০১২.২০১৩-১০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (ডি) ও ২(এফ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০২/২০১৬ রুজু করা হয়;

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (ডি) ও ২(এফ) অনুযায়ী অভিযুক্ত করে কেন একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করা হবে না বা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না মর্মে বিগত ২৬ জানুয়ারি ২০১৬ তারিখে রেজিস্টার্ড/এডি ডাকযোগে তাঁর সম্ভাব্য সকল ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করত; তা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হলে গত ১৩-০৩-২০১৬ তারিখ অভিযোগনামার লিখিত জবাব তাহার নিকট হতে ডাকযোগে পাওয়া যায়। লিখিত জবাবে তিনি ব্যক্তিগত শুনানীর জন্য হাজিরা দিতে চেয়েও নির্ধারিত দিনে হাজির হননি;

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটি তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-এর সিনিয়র সহকারী সচিব মোহাম্মদ ফারুক হোসেন-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ০১-০২-২০১৭ তারিখ এ বিষয়ে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'ডিজারশন' ও 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ (৬) মোতাবেক ০৭ (সাত) কার্যবিসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ১৫-০২-২০১৭ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ তাঁর দাপ্তরিক, বর্তমান,ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু, গত ২৫-০২-২০১৭ তারিখ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব পাওয়া যায় এবং সার্বিক পর্যালোচনা ও বিবেচনায় তাঁকে উল্লিখিত গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব রাকিব আহমেদ (৬০২২৭৭), সহকারী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু, জনাব রাকিব আহমেদ (৬০২২৭৭), সহকারী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন;

সেহেতু, এক্ষণে, জনাব রাকিব আহমেদ (৬০২২৭৭), সহকারী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩)(ডি) মোতাবেক গত ২৫-০৮-২০১৫ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**আদেশাবলী**

তারিখ: ০৪ আষাঢ় ১৪২৪/১৮ জুন ২০১৭

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১৫-২৭১**—যেহেতু, ডাঃ সাঈদ সাজ্জাদ হোসেন (১১১৬৯৫), সহকারী অধ্যাপক (চঃদাঃ) ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা সংযুক্তঃ—শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ গত ২১-০৬-২০১৩ খ্রিঃ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৫-০৩-২০১৫ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১৫-১৬৪ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ১৬-০২-২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১৫-১২৯ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১০-০৪-২০১৭ খ্রিঃ ৮০.১০৭.০৩৪.০০.০০.০৪১.২০১৬-৮৩ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ০৪-০৬-২০১৭ খ্রিঃ সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ সাঈদ সাজ্জাদ হোসেন (১১১৬৯৫), সহকারী অধ্যাপক (চঃদাঃ) ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা সংযুক্তঃ শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২১-০৬.২০১৩ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৮.২০১৪-২৭৩**—যেহেতু, ডাঃ মুহাম্মদ মনিরুজ্জামান (১১১৬৭৭), জুনিয়র কনসালটেন্ট (চক্ষু), সদর হাসপাতাল, সুনামগঞ্জ গত ০৬-০৫-২০১৪ খ্রিঃ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৭-১২-২০১৫ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৮.২০১৫-৮৯৫ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ০৪-১০-২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৮.২০১৫-৭১০ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিসের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১৭-০৪-২০১৭ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০২২.২০১৭-৯১ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ০৪-০৬-২০১৭ খ্রিঃ সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মুহাম্মদ মনিরুজ্জামান (১১১৬৭৭), জুনিয়র কনসালটেন্ট (চক্ষু), সদর হাসপাতাল, সুনামগঞ্জকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৬-০৫-২০১৪ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

**আদেশাবলী**

তারিখ: ২১ জুন ২০১৭ খ্রিঃ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৭-২৭৮**—যেহেতু, ডাঃ ফাতেমা তুজ জোহরা (১৩৪৪৮৯), সহকারী সার্জন দিঘাপাতিয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, নাটোর বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১২-০৩-২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৭-১৩৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং প্রতিবেদনে ডাঃ ফাতেমা তুজ জোহরা (১৩৪৪৮৯) গত ০৬-১০-২০১৬ খ্রিঃ থেকে ২৫-১০-২০১৬ খ্রিঃ পর্যন্ত সুইডেনে ভ্রমণ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদান না করে ২৬-১০-২০১৬ খ্রিঃ থেকে ১৫-০৪-২০১৭ খ্রিঃ পর্যন্ত কর্মস্থলে

অননুমোদিত অনুপস্থিত ছিলেন মর্মে মতামত প্রকাশ করেন। একই সাথে ডাঃ ফাতেমা তুজ জোহরা (১৩৪৪৮৯) তাঁর শারীরিক অসুস্থতার বিষয়ে অনুপস্থিতির কারণ যথাসময়ে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে ই-মেইলের মাধ্যমে অবহিত করেছিলেন মর্মে উল্লেখ করেছেন। ডাঃ ফাতেমা তুজ জোহরা (১৩৪৪৮৯) চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র ও শারীরিক ফিটনেস সার্টিফিকেট দাখিল স্বাপেক্ষে ১৬-০৪-২০১৭ খ্রিঃ পূর্বাহ্নে নিজ কর্মস্থলে যোগদান করেছেন এবং যথাযথভাবে দায়িত্ব পালন করছেন;

সেহেতু, তদন্ত কর্মকর্তার মতামত, Medical treatment এর দাখিলকৃত Document অনুযায়ী অসুস্থতা জনিত কারণে অনুপস্থিতি ব্যক্তির নিয়ন্ত্রণাধীণ না থাকায় সার্বিক প্রেক্ষাপট বিবেচনা করে ডাঃ ফাতেমা তুজ জোহরা (১৩৪৪৮৯), সহকারী সার্জন, দিঘাপাতিয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, নাটোরকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৫.২০১৭-২৭৯**—যেহেতু, ডাঃ মীর হামিদুর রহমান (৪০৫০৫), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), অর্থোপেডিক সার্জারী, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক 'অদক্ষতা' ও 'অসদাচরণ' এর দায়ে ২৮-০৩-২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৫.২০১৭-১৭৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৩-০৬-২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ মীর হামিদুর রহমান (৪০৫০৫), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), অর্থোপেডিক সার্জারী, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালীর বিরুদ্ধে আনীত অভিযোগনামা, জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা দৈনিক যুগান্তর পত্রিকায় গত ২৬-১১-২০১৬ খ্রিঃ প্রকাশিত "বাঁ পায়ের পরিবর্তে ডান পায়ে রড স্থাপন" শীর্ষক খবরে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি;

সেহেতু, ডাঃ মীর হামিদুর রহমান (৪০৫০৫), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), অর্থোপেডিক সার্জারী, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ নোয়াখালীর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**প্রশাসন-১ অধিশাখা**

**অফিস আদেশ**

তারিখ: ০৫ আষাঢ় ১৪২৪/১৯ জুন ২০১৭

**নং ৪৫.১৩৭.০২৫.০০.০০.০০২.২০১৩-৯১৫**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুকূলে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা/দাতা সংস্থা কর্তৃক বরাদ্দকৃত সকল বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ/উচ্চশিক্ষার জন্য প্রার্থী মনোনয়ন প্রদানের নিমিত্ত নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হল:

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (উন্নয়ন)

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (প্রশাসন)

(৩) যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)

(৪) যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য)

(৫) যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি)

(৬) যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন ও আইন)

(৭) যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (হাসপাতাল)

(৮) যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (বাজেট)

(৯) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রশিক্ষণ সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, যথাঃ (স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ইডিসিএল/নিমিউ এন্ড টিসি/টেমো/বিশেষায়িত চিকিৎসা প্রতিষ্ঠান

**সদস্য-সচিব**

(১০) সিনিয়র সহকারী সচিব/উপসচিব (বিশ্বস্বাস্থ্য-১)

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

**মোঃ রেজাউল আলম**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ: ০৮ জুন ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৭এন-২০/২০১৭-৩৩০**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম, পিতা মরহুম মোহাম্মদ আব্দুল বাছিত-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত: তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-১৮/২০১৭-৩৩১**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিলেট জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আব্দুশ শহীদ, পিতা-মরহুম মোঃ মফিজ উদ্দিন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই

সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত: তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

**Ministry of Finance**
**Finance Division**
**Budget Wing-1, Section-9**
**Nitification**

Date: 19.06.2017

No. 07.00.0000.109.14.003.17-231—The Government of Bangladesh is pleased to constitute a Technical Advisory Committee (TAC) for Public Expenditure Review on Nutrition (PER-N) under the project `Strengthening Capacity for Child Focused Budgeting in Bangladesh'. The composition and terms and Reference (TOR) of the committee will be as follows:

**Composition of (not according to the seniority)**

1. Mr. Mohammad Muslim Chowdhury, Additional Secretary, Budget-1, Finance Division. - Chairman
2. Director General, Food Policy and Planning Unit (FPMU), Ministry of Food, Khadday Bhaban, Abdul Gani Road, Dhaka. - Member
3. Mr. Ashadul Islam, Director General, Health Economics Unit, M/O Health and Family Welfare, Ansary Bhaban, Topkhana Road, Dhaka. - Member
4. Mr. Md. Habibur Rahman, Joint Secretary, Budget-1, Finance Division. - Member
5. Mr. Ruhul Amin Talukder, Joint Secretary, Medical Education and Family Welfare, Division. - Member
6. Mr. Shakil Ahmed, Senior Economist Health, World Bank Office, Dhaka, E-32, Agargaon, Sher e Bangla Nagar, Dhaka-1207. - Member
7. Ms. Anuradha Narayan, Chief of Nutrition, UNICEF, Bangaldesh. - Member
8. Mr. Carlos Acosta, Chief, social Policy, Evaluation, Analytics and Research Section. - Member
9. Mr. Naoki Minamiguchi, Representative from FAO - Member
10 Sheikh Farid, Deputy Secretary, FD. - Member-Secretary

**Terms of References:**

The proposed committee will do the following:

1. Provide overall technical guidance on the process of public expenditure review (PER) on Nutrition.
2. Review, recommend and finalize concept notes, technical proposals, reports etc. on PER

   on Nutrition.
3. Review and finalize methodologies in terms of data collection and analysis.

By the order of the president

**Sheikh Farid**
Deputy secretary and Deputy
Project Director, SC-CFB Project.

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৬ আষাঢ় ১৪২৪/২০ জুন ২০১৭

নং ২৩.০০.০০০০.১৮০.২৭.০৫১.১৪-২৩২—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৭১৬৬ মেজর মোঃ মাহবুবুর রহমান, সিগনালস্-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুল্স) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুল্স) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

---

**[একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে]**
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**ক্রীড়া-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২০ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৩৪.০০.০০০০.০৮০.২৮.০০২.০৯-১৩৫—আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, ক্রীড়া পরিদপ্তরের সংগঠন ও সরঞ্জাম তালিক (TO&E)তে ৬৪(চৌষট্টি)টি মোটর সাইকেল অন্তর্ভুক্তির বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৫৩.০৩.০২০.১৬.১১, তারিখ-১৭-০১-২০১৭, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের

ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬ এর স্মারক নং-০৭.১৫৬.০২৮.০৮.০২.০১.২০০২.১৮৪, তারিখ ১৮-০৪-২০১৭ খ্রিস্টাব্দের সম্মতি এবং স্মারক নং-৩৪.০০.০০০০.০৮০.২৮.০০২.০৯.১০৭, তারিখ ২৮-০৫-২০১৭ খ্রিস্টাব্দ মোতাবেক মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনের প্রেক্ষিতে ক্রীড়া পরিদপ্তরের সংগঠন ও সরঞ্জাম তালিকা (TO&E)তে ৬৪(চৌষট্টি)টি মোটর সাইকেল অন্তর্ভুক্তি করছি।

**মোরশেদা আখতার**
সহকারী সচিব।

---

**ক্রীড়া-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৪/১৩ জুন ২০১৭

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৪৩১**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগান সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ টেবিল টেনিস ফেডারেশনের সভাপতি জনাব মোঃ আব্দুল করিম (সাবেক মুখ্য সচিব) এর সভাপতির পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিরাজুছ ছালেকীন**
সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ**
**শাখা: কারিগরি-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/০৭ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৬.১৫-৫৭০**—কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের (বর্তমানে বাঞ্ছারামপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত) জুনিয়র ইন্সট্রাক্টর (ফার্ম-মেশিনারী) জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম বিগত ০৭-০৯-২০১৫ খ্রিঃ তারিখ ড্রয়িং ল্যাবের আসবাবপত্র ক্রয়ের বিষয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে প্রতিষ্ঠানের খণ্ডকালীন শিক্ষক জনাব মোঃ সাজিদুর রহমান ইন্সট্রাক্টর (ফার্ম-মেশিনারী)-কে জীবননাশের হুমকি প্রদান করেন এবং বহিরাগতদের সহযোগীতায় তার মাথা ফাটিয়ে রক্তাক্ত করার অভিযোগে শিক্ষা মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৬.২০১৫-৪১৫ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৩(বি) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে তার অনুকূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। তিনি বিগত ২৪-০৫-২০১৬ তারিখে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন। বিগত ২৭-০৭-২০১৬ ও ১৪-০৮-২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানির পরিপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৩(বি) মতে 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৭(৬) এর আলোকে গুরুদণ্ডের আওতায় কেন তাকে "নিম্ন পদে বা নিম্ন বেতন স্কেলে অবনমিতকরণ (Reducation to a lower post or time-scale)" করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য বিগত ১৭-০১-২০১৭ তারিখ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে এডির মাধ্যমে প্রেরণ করা হয়। তিনি বিগত ১১-০২-২০১৭ তারিখে লিখিত জবাব দাখিল করেন।

০৩। অতঃপর বিষয়টি অধিকতর যাচাই-বাছাইয়ের লক্ষ্যে বিগত ২৪-০৪-২০১৭ ও ২২-০৫-২০১৭ তারিখ জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, তৎকালীন অধ্যক্ষ জনাব এস.এম. তরিকুল ইসলাম এবং সরকার পক্ষের উপস্থিতিতে পুনরায় শুনানি অনুষ্ঠিত হয়। সরকার পক্ষের বক্তব্য, সংশ্লিষ্ট কর্মচারীর দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানি পর্যালোচনায় উত্থাপিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়।

০৪। সার্বিক পর্যালোচনায় জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, জুনিয়র ইন্সট্রাক্টর (ফার্ম-মেশিনারী) ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ (বর্তমানে বাঞ্ছারামপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৩(বি) মতে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার উপবিধি ৪(২) (বি) অনুযায়ী লঘুদণ্ডের আওতায় তাকে আগামী ০২ বৎসরের জন্য একটি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার (পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য নন) সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। এমতাবস্থায়, জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, জুনিয়র ইন্সট্রাক্টর (ফার্ম-মেশিনারী), ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ (বর্তমানে বাঞ্ছারামপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৩(বি) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে অভিযুক্ত সাব্যস্তক্রমে বিগত ০৭-০৯-২০১৫ তারিখ হতে একই বিধিমালার উপবিধি ৪(২) (বি) অনুযায়ী লঘুদণ্ডের আওতায় আগামী ০২ বৎসরের জন্য একটি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত (পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য নন) করা হলো।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আলমগীর**
ভারপ্রাপ্ত সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**বিমান শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৫ জুন ২০১৭

**নং ৩০.০০.০০০০.০১৭.১৮.০১২.১৬-৪৭৬**—২০১৭ সালের হজ্জযাত্রী পরিবহন কার্যক্রম তদারকি, সমন্বয়, নির্বিঘ্ন ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে নির্দেশক্রমে হজ্জ টাস্কফোর্স-২০১৭ গঠন করা হলো:

**আহবায়ক**

(১) জনাব মিজানুর রহমান, সদস্য (অর্থ) ও অতিরিক্ত সচিব, বেবিচক।

**সদস্যবৃন্দ**

(২) যুগ্মসচিব (বিমান), এ মন্ত্রণালয়

(৩) পরিচালক (হজ অফিস), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

(৪) উপ-সচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

(৫) উপ-সচিব (বহিরাগমন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(৬) উপ-সচিব (হাসপাতাল-৪), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৭) পরিচালক (গ্রাহক সেবা), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড।

(৮) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর।

(৯) ডেপুটি কমিশনার অব কাস্টমস, হশাআবি

(১০) কান্ট্রি ম্যানেজার, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স

(১১) প্রতিনিধি, হাব

(১২) প্রতিনিধি, আটাব

**কার্যপরিধি:**

(১) 'হজ্জ ফ্লাইট-২০১৭ এর সিডিউল অনুযায়ী হজ-পূর্ব (pre-Hajj) এবং হজ্জ-উত্তর (post-Hajj) হজ্জযাত্রীদের বহনকারী উড়োজাহাজ চলাচল তদারকি;

(২) সিডিউল অনুযায়ী হজ্জযাত্রীদের যাতায়াতে কোন অনুবিধা/বিঘ্ন দেখা দিলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তাৎক্ষণিকভাবে অবহিতকরণপূর্বক তা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(৩) হজ্জ টাস্কফোর্স ২০১৭ হজ্জযাত্রী পরিবহন কার্যক্রমের প্রস্তুতি/পরিচালনা সমন্বয়ের লক্ষে প্রতি মাসে ন্যূনতম দু'টি সভা করে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল;

(৪) হজ্জযাত্রীদের নির্বিঘ্নে হজ্জে গমন ও দেশে প্রত্যাবর্তন সম্পন্ন না হওয়া পর্যন্ত টাস্কফোর্সের কার্যক্রম অব্যহত থাকবে এবং দায়িত্ব শেষে এ বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ;

(৫) প্রতিবেদনের মাধ্যমে মন্ত্রণালয়কে কমিটির কার্যক্রম সম্পর্কে নিয়মিত অবহিতকরণ এবং

(৬) টাস্কফোর্স প্রয়োজনে যে কোন সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবে।

**নং ৩০.০০.০০০০.০১৭.১৮.০১২.১৬-৪৭৭**—২০১৭ সালের হজ্জযাত্রী পরিবহন কার্যক্রম সুষ্ঠু ও নির্বিঘ্নভাবে সম্পন্নের লক্ষ্যে ২০১৭ সালের হজ্জযাত্রী পরিবহন কার্যক্রম, টিকেট বিতরণ কার্যক্রম সমন্বয় ও সার্বক্ষণিক পর্যবেক্ষণের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১. এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিমান ও সিএ)

**সদস্যবৃন্দ**

২. ধর্ম বিষয়ক মন্ত্রলয়ের প্রতিনিধি

৩. সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি

৪. পরিচালক (হজ্জ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

৫. বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রতিনিধি

৬. বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের প্রতিনিধি

৭. সৌদি এরাবিয়ান এয়ারলাইসেন্স প্রতিনিধি

৮. হাব এর প্রতিনিধি

৯. বিজনেস অটোমেশন এর প্রতিনিধি

**কার্যপরিধি:**

(১) ২০১৭ সালের হজ্জযাত্রী পরিবহন কার্যক্রম, টিকেট বিতরণ কার্যক্রম সমন্বয় ও সার্বক্ষণিক পর্যবেক্ষণ;

(২) কমিটি প্রত্যেক সপ্তাহে সভা করে ফ্লাইটওয়ারী হজ্জযাত্রী নির্ধারণ নিশ্চিতসহ হজ্জ ব্যবস্থাপনা সুষ্ঠুকরণের পদক্ষেপ গ্রহণ করবে; এবং

(৩) কমিটি প্রয়োজনে যে কোন সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার জেসমিন খান**
সিনিয়র সহকারী সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা সেল**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ জুন ২০১৭ খ্রি:

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০২৭.১০-৫০**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১(১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার নান্দাইল উপজেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো:

| ক্র: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | প্রস্তাবিত সদস্য | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১১(১)(গ) | শিক্ষিকা | তাসলিমা বেগম (লাভলী)<br>স্বামী: ডাঃ মোঃ কামরুজ্জামান, মাতাঃ মৃত শাহানা আজিজ<br>গ্রাম-নান্দাইল বাজার, পোঃ নান্দাইল, ওয়ার্ড নং-০৫,<br>নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ। | চেয়ারম্যান |
| ০২ | ১১(১)(ঘ) | সমাজসেবী | মোসাঃ মিলি আক্তার,<br>স্বামী: মোঃ ওসমান গনি, মাতাঃ মোছাঃ মাজেদা আক্তার,<br>গ্রাম-চন্ডীপাশা আদর্শপল্লী, পোঃ নান্দাইল, ওয়ার্ড নং-০৮,<br>নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ। | সদস্য |
| ০৩ | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মার্জিয়া সুলতানা (হাসি),<br>পিতা-মৌঃ আব্দুল মজিদ, মাতাঃ মোছাঃ রেজিয়া আক্তার,<br>গ্রাম-কাদিরাবাদ, পোঃ খারুয়া, উপজেলা-নান্দাইল,<br>জেলা-ময়মনসিংহ। | সদস্য |

| ক্র: নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | প্রস্তাবিত সদস্য | পদবি |
|---|---|---|---|---|
| ০৪ | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | বিলকিছ আক্তার,<br>স্বামী: মোঃ রফিকুল ইসলাম বাবুল, মাতাঃ মনোয়ারা বেগম, গ্রাম-আচারগাঁও নাত পাড়া, পোঃ নান্দাইল, ওয়ার্ড নং-০৭, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ। | সদস্য |
| ০৫ | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোর্শেদা বেগম,<br>পিতা: মোঃ রইছ উদ্দিন, মাতাঃ মোছাঃ আয়েশা খাতুন, গ্রাম-চারআনী পাড়া, পোঃ নান্দাইল, ওয়ার্ড নং-০৫, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ। | সদস্য |

২। উপরে উল্লেখিত কমিটির সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের তাসলিমা বেগম (লাভলী) উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দুই বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাসিনা আক্তার খানম**
সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/১৩ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৬(অংশ-১)-৩২৮**—সুন্দরগঞ্জ থানার মামলা নং-০৬, তারিখ:-১৬-০১-১৭ খ্রিঃ {ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী/২০১২) ও (সংশোধনী/২০১৩)} এর ৬(২) এর (ঈ)/৯(৩)/১০/১২/১৩} এ গত ১৬-০১-২০১৭ খ্রিঃ তারিখে সুন্দরগঞ্জ থানাধীন তালুক ফলগাছা মৌজাস্থ আল-হিকমা একাডেমী আলীম মাদ্রাসার ভিতরে ৪০/৫০ জন অজ্ঞাতনামা জঙ্গী সংগঠন (জেএমবি) সদস্যরা নাশকতা সৃষ্টির জন্য গোপন বৈঠক করছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোঃ ফরাইজুল ইসলাম @ ফারাজুল, পিতা-মোঃ আঃ লতিফ মুন্সিকে আটক করা হয়। উক্ত ঘর তল্লাশী করে প্রাপ্ত জব্দকৃত আলামত-বিভিন্ন ধরনের জিহাদী বই ও লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আটককৃত ও পলাতক আসামীরা রাষ্ট্রের বিরুদ্ধে নাশকতা সৃষ্টির মাধ্যমে জনমনে আতঙ্ক সৃষ্টি এবং ব্যক্তি বা রাষ্ট্রের সম্পত্তির ক্ষতিসাধন করার জন্য তাদের জঙ্গী কর্ম পরিকল্পনা ঠিক করার লক্ষ্যে গোপন ষড়যন্ত্রে মিলিত হওয়ার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩)এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহ্‌মিনা বেগম**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**নির্মাণ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ জুন ২০১৭ খ্রিঃ

**নং ৪৫.১৬৭.০৮৬.০০০০.০৪৪.২০১৬-১৭১**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় নবনির্মিত ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, টংগী, গাজীপুরের নাম 'শহীদ আহ্‌সান উল্লাহ্ মাষ্টার জেনারেল হাসপাতাল' করণে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাসান মাহমুদ**
উপসচিব।

---

**শৃঙ্খলা অধিশাখা**

**আদেশ**

তারিখ: ২২ জুন ২০১৭ খ্রিঃ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৫.২০১৬-২৮১**—যেহেতু, ডাঃ সোহেলা আহম্মদ (৩৯৭৬৯), জুনিয়র কনসালট্যান্ট, মানসিক রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকার বিরুদ্ধে ১৯-১১-২০১৫ খ্রিঃ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি (Desertion)' এর দায়ে ৩০-০৫-২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৫.২০১৬-৩৯৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারী করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানি চান এবং গত ১৩-০৬-২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, কারণ দর্শানো নোটিশের জবাব শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য এবং দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, সিনিয়র স্কেল (৬ষ্ঠ গ্রেড) পদে তাঁর ২টি পদোন্নতির আদেশ হওয়ায় কর্তৃপক্ষের ভুলের কারণে দ্বিতীয় পদায়ন আদেশ বৈধ ছিল না। দ্বিতীয় আদেশ জারীর পর ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষ হাজিরা খাতায় স্বাক্ষর করতে দেননি, তবে তাঁর দায়িত্ব পালন করেছেন। দ্বিতীয় আদেশ বাতিল হওয়ার পর স্বাক্ষর করার অনুমতি পেয়েছেন। ফলে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি। অপরদিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মানসিক রোগ বিভাগের বিভাগীয় প্রধানের পত্রাদি অনুযায়ী তাঁর বিরুদ্ধে মাঝে মাঝে অননুমোদিতভাবে অনুপস্থিতির অভিযোগের প্রেক্ষিতে উক্ত কর্মকর্তা কোন বক্তব্য প্রদান করেননি কিংবা কোন কাগজপত্র উপস্থাপন করেননি;

সেহেতু, ডাঃ সোহেলা আহম্মদ (৩৯৭৬৯), এর বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানিকালে তাঁর বক্তব্য, তদন্ত কর্মকর্তার মতামত এবং দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনাপূর্বক তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী আনীত 'অসদাচরণ (Misconduct)' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি (Desertion)' এর অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল। মাঝে মাঝে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। অর্জিত ছুটির পেন্ডিং আবেদন (মে/২০১৪ হতে সেপ্টেম্বর/২০১৪ পর্যন্ত) স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বলা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ জুন ২০১৭ খ্রিঃ

**নং ৪৬.০০.০০০০.০৮৫.০১১.০৪১.২০১৭-৪৫০**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৬(১)(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ এখলাছুর রহমান (৭৩৩৩), অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে চট্টগ্রাম ওয়াসা বোর্ডের সদস্য পদে নিয়োগ প্রদান করা হল। তিনি পূর্বের সদস্য জনাব এ আর এম নজমুস ছাকিব (২২৬৭), অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ এর স্থলাভিষিক্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কে এম কামরুজ্জামান সেলিম**
উপসচিব।